দৈনিক বাংলা

তারিখ 24/8/78
পৃষ্ঠা ৫ কলাম 7



**পলিটেকনিক ইন্সটিটিউটের আবাসিক গৃহে গ্যাস সরবরাহ**

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট সংলগ্ন নিম্নবেতনভুক্ত কর্মচারীদের আবাসিক গৃহে গ্যাস সরবরাহ ত্বরান্বিত করার দাবীতে গত জুন মাসে দৈনিক বাংলার জনমত কলামে একটি চিঠি প্রকাশিত হয়েছেলো কিন্তু দুঃখের বিষয়, আজ পর্যন্ত এ ব্যাপারে আর কোন অগ্রগতি দেখা যাচ্ছে না। গণপূর্ত বিভাগের হাব-ভাবে মনে হচ্ছে, তাঁরা উক্ত চিঠি প্রকাশিত হওয়ায় গোস্বা হয়েছেন এবং এই দুর্দিনে নিম্নবেতনভুক্ত কর্মচারীদের ওপর প্রতিশোধ নিতে চাচ্ছেন। লো প্রেসার সাপ্লাইএর টেন্ডার তত্ত্বাবধায়ক প্রকৌশলী তাঁর ডেস্কে ৮/৯ মাস তালাবদ্ধ রাখার পর গত জুন মাসে দু মাসের সময় দিয়ে ঠিকাদারকে ওয়ার্ক অর্ডার দেন। অথচ এই কাজের জন্যে মাত্র সাতদিন সময়ই যথেষ্ট। সেই দু মাস সময়ও শেষ হওয়ার পথে অথচ কাজ করার কোন লক্ষন আজও দেখা যাচ্ছে না। ঠিকাদারকে মারসারা গোছের চিঠি দেয়া হয়, তবে তার বিরুদ্ধে কোন কার্যকরী ব্যবস্থা নেয়া হচ্ছে না।

এ ব্যাপারে ইন্সটিটিউট কর্তৃপক্ষও কোন পদক্ষেপ নিচ্ছে না। কারণ তাঁদের বাসায় ১৯৭৫ সালেই গ্যাস সরবরাহ করা হয়েছে।

আমরা ভুক্তভোগীরা এ বিষয়ে সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষ ও গণ-পূর্ত বিভাগের মন্ত্রী মহাদয়ের আশু হস্তক্ষেপ কামনা করছি। আশা করছি মানবিক দৃষ্টিকোন থেকে আমাদের আবেদন বিবেচনা করা হবে এবং আমলাতন্ত্রের বেড়াজাল ডিঙিয়ে আমাদের গরীবের গৃহে গ্যাস সর-বরাহের ব্যবস্থা নেয়া হবে।

জনৈক ভুক্তভোগী
ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট।